২৩/৮/২০০৩

তারিখ ... পৃষ্ঠা ৮ ... কলাম ৫

দৈনিক ইনকিলাব

### ভিসি ভবন ও আশপাশের এলাকায় সভা মিছিল নিষিদ্ধ

# আজ ছাত্রদলের ঘেরাও কর্মসূচী ক্যাম্পাস পরিস্থিতি অবনতির আশংকা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভিসি ভবন এবং প্রশাসনিক ভবনের আশপাশের এলাকায় সভা, সমাবেশ ও মিছিল নিষিদ্ধ ঘোষণা করেছে। পূর্ব ঘোষিত কর্মসূচী অনুযায়ী আজ ছাত্রদলের ভিসি ভবন ঘেরাওকে সামনে রেখে গতকাল (শুক্রবার) বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক জরুরী সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। এদিকে ছাত্রদল নেতৃবৃন্দ জানিয়েছেন, 'ছাত্রদল আজ যে কোন মূল্যে ভিসি ভবন ঘেরাও করবে।' এ অবস্থায় ক্যাম্পাস পরিস্থিতির অবনতি ঘটতে পারে বলে আশংকা করা হচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ভিসির পদত্যাগ, হলে হলে অবস্থানকারী বহিরাগত সন্ত্রাসীদের গ্রেফতার, ক্যাম্পাস থেকে অবৈধ অস্ত্র উদ্ধার এবং ছাত্রদল নেতা-কর্মীদের হলে হলে পুনর্বাসন করে ক্যাম্পাসে শান্তিপূর্ণ সহাবস্থানের পরিবেশ নিশ্চিত করার

...এর পৃঃ ...এর কঃ দেখুন

## আজ ছাত্রদলের ঘেরাও

৮-এর পৃষ্ঠার পর

দাবীতে ছাত্রদল আজ বেলা ১১টায় ভিসির বাসভবন ঘেরাও করবে। ছাত্রদলের এ কর্মসূচীকে সামনে রেখে গতকাল সিন্ডিকেটের সভায় বিশ্ববিদ্যালয়ে বিরাজমান পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনার পর বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবন এবং ভিসি ভবনের আশপাশের এলাকায় সভা, সমাবেশ ও মিছিল নিষিদ্ধ ঘোষণা করা হয়। এবং যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থাসমূহের প্রতি অনুরোধ জানানো হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী, গত ১৭ আগস্ট জিয়া হলে সংঘটিত ছাত্র হত্যাকাণ্ডের ঘটনার সাথে জড়িত ব্যক্তিদের অবিলম্বে গ্রেফতার করে তাদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থাসমূহের প্রতি অনুরোধ জানানো হয়। উল্লেখিত হত্যাকাণ্ডকে কেন্দ্র করে অন্যান্য আবাসিক হলে ছাত্রদল নেতা-কর্মীদের কক্ষ ভাঙচুর, অগ্নি সংযোগ ও মারধর করার ঘটনায় যে সকল ছাত্র আহত হয়েছে সিন্ডিকেটের সভায় তাদের জন্য দুঃখ প্রকাশ ও সমবেদনা জ্ঞাপন করা হয়। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে এ সকল ছাত্রের সুচিকিৎসা ও ক্ষতিপূরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। এ দিকে ১৭ আগস্ট জিয়া হলে ছাত্রলীগ নেতা ফিরোজ হত্যাকাণ্ড এবং তৎপরবর্তী ভাঙচুর, অগ্নি সংযোগ ও সহিংস ঘটনা সম্পর্কে অনুসন্ধান করে রিপোর্ট প্রদানের উদ্দেশ্যে গঠিত কমিটির তদন্ত কার্যে কোন অগ্রগতি না হওয়ায় কমিটিকে সুষ্ঠু তদন্তের লক্ষ্যে রিপোর্ট প্রদানের সময় সীমা আরো এক সপ্তাহ বৃদ্ধি করা হয়।